# বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
# BANGLADESH MEDICAL & DENTAL COUNCIL

203, Shaheed Syed Nazrul Islam Sarani, (86, Bijoy Nagar), Dhaka-1000
Phone: 223350968, 223385668, 223385685, 223385686, 223356727
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd


## মেডিকেল কলেজ এবং ডেন্টাল কলেজ/ইউনিটে এমবিবিএস এবং বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২৪

**১.০ সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন:**

১.১ এই নীতিমালা **'মেডিকেল কলেজ এবং ডেন্টাল কলেজ/ইউনিটে এমবিবিএস এবং বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২৪'** নামে অভিহিত হইবে।

১.২ বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি) কর্তৃক প্রণীত ও অনুমোদিত এই নীতিমালা বাংলাদেশের সকল সরকারি/বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ২০২৩-২৪ শিক্ষাবর্ষ হইতে এমবিবিএস/বিডিএস কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির ক্ষেত্রে কার্যকর হইবে।

**২.০ প্রার্থীর যোগ্যতা:**

২.১ আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হইতে হইবে। কেবল সরকার কর্তৃক বিদেশিদের জন্য সংরক্ষিত আসনে বিদেশি ছাত্র/ছাত্রীগণ আবেদন করিতে পারিবেন।

২.২ দেশি আবেদনকারীকে বিজ্ঞান বিভাগে এসএসসি ও এইচএসসি বা সমমান দুইটি পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। দুইটি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৯.০০ পয়েন্ট হইতে হইবে। বিদেশি শিক্ষার্থীদের ১০.৭ অনুচ্ছেদে বর্ণিত জিপিএ পয়েন্ট থাকিতে হইবে।

২.৩ প্রার্থীকে নিয়মিত এসএসসি অথবা সমমান 'ও'লেভেল পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ হইতে হইবে এবং এইচএসসি অথবা সমমান 'এ'লেভেল পরীক্ষায় বিজ্ঞান বিভাগসহ অবশ্যই Physics, Chemistry ও Biology থাকিতে হইবে এবং জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম জিপিএ ৪.০ পয়েন্ট থাকিতে হইবে। তবে বিদেশি শিক্ষার্থীদের ক্ষেত্রে জীববিজ্ঞানে (Biology) জিপিএ ৩.৫০ পয়েন্ট এর কম গ্রহণযোগ্য নহে।

২.৪ পশ্চাদপদ জনগোষ্ঠী অর্থাৎ সকল উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে পরীক্ষা দুইটিতে মোট জিপিএ কমপক্ষে ৮.০০ পয়েন্ট হইতে হইবে। তবে এককভাবে কোনো পরীক্ষায় জিপিএ ৩.৫ পয়েন্ট এর কম থাকিলে আবেদনের জন্যে অযোগ্য বলিয়া বিবেচিত হইবে।

২.৫ আবেদনকারী যেই শিক্ষাবর্ষের জন্য মেডিকেল/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিবে তাহাকে সর্বশেষ শিক্ষাবর্ষে বা তৎপূর্ববর্তী শিক্ষাবর্ষে এইচএসসি/সমমান পরীক্ষায় পাশ করিতে হইবে। আবেদনকারীকে তাহার এইচএসসি/সমমান পরীক্ষায় পাশের পূর্ববর্তী ০২ (দুই) শিক্ষাবর্ষের মধ্যে এসএসসি/সমমান পরীক্ষায় পাশ হইতে হইবে।

**উদাহরণ:**
২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীকে ২০২৩ সালে এইচএসসি/'এ' লেভেল/সমমান ও ২০২১ সালে এসএসসি/'ও' লেভেল/সমমান অথবা ২০২২ সালে এইচএসসি/'এ' লেভেল/সমমান ও ২০২০ সালে এসএসসি/'ও' লেভেল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।

২.৬ 'ও'লেভেল/'এ'লেভেল অথবা বিদেশী শিক্ষা ব্যবস্থায় সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদেরকে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক উক্ত নম্বরপত্রসমূহ সমতাকরণ করিতে হইবে।

Hossain.

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
BANGLADESH MEDICAL & DENTAL COUNCIL
203, Shaheed Syed Nazrul Islam Sarani, (86, Bijoy Nagar), Dhaka-1000
Phone: 223350968, 223385668, 223385685, 223385686, 223356727
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd

**৩.০ ভর্তির জন্য প্রার্থী নির্বাচন প্রক্রিয়া:**

৩.১ এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত জিপিএ মোট ২০০ নম্বর হিসাবে নির্ধারণ করা হইবে। এসএসসি ও এইচএসসি-তে প্রাপ্ত জিপিএ এবং ভর্তির জন্য লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি করিয়া প্রার্থী নির্বাচন করা হইবে। এইচএসসি পরীক্ষায় সদ্য উত্তীর্ণদের এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১৫ গুণ এর সঙ্গে এইচএসসি/ সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ২৫ গুণ এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের যোগফলের ভিত্তিতে মেধা তালিকা তৈরি করা হইবে। তবে পূর্ববর্তী বৎসরের এইচএসসি পাশ প্রার্থীদের ক্ষেত্রে সর্বমোট প্রাপ্ত নম্বর হইতে ৫ নম্বর এবং পূর্ববর্তী বৎসরের সরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে সর্বমোট নম্বর হইতে ১০.০০ (দশ) নম্বর কর্তন করিয়া মেধা তালিকায় অবস্থান নির্ধারণ করা হইবে।

৩.২ দেশের সকল সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজের জন্য একই সঙ্গে একই প্রশ্নপত্রে এমবিবিএস ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষা সম্পন্ন হওয়ার ০১ (এক) মাস পর সরকারি ও বেসরকারি সকল ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটের জন্য একই সঙ্গে অভিন্ন প্রশ্নপত্রে বিডিএস ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। ইংরেজি মাধ্যমে উত্তীর্ণ এবং ইংরেজি মাধ্যমে ভর্তি পরীক্ষা দিতে আগ্রহী ছাত্র/ছাত্রীদের জন্য ইংরেজিতে প্রশ্নপত্র প্রণয়ন করিতে হইবে।

৩.৩ লিখিত ভর্তি পরীক্ষা ১০০ টি প্রশ্নের (এইচএসসি বা সমমান সিলেবাস অনুযায়ী) প্রতিটি ১ নম্বর করিয়া মোট ১০০ (একশত) নম্বরের বিষয় ভিত্তিক বিভাজন জীববিজ্ঞান-৩০, রসায়নবিদ্যা-২৫, পদার্থবিদ্যা-২০, ইংরেজি-১৫ ও সাধারণ জ্ঞান (বাংলাদেশের ইতিহাস ও মুক্তিযুদ্ধ)-১০ অনুযায়ী অনুষ্ঠিত হইবে।

৩.৪ লিখিত ভর্তি পরীক্ষায় প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হইবে।

৩.৫ ভর্তি পরীক্ষায় ৪০ নম্বর এর কম প্রাপ্তরা অকৃতকার্য বিবেচিত হইবে।

৩.৬ প্রবেশপত্রে আবেদনকারীর ছবির জলছাপ সন্নিবেশ করিতে হইবে। পরীক্ষার্থীগণ পরীক্ষার হলে বলপয়েন্ট ব্যতীত অন্য কোনো কলম, ঘড়ি অথবা অন্য কোনো ইলেকট্রনিক্স ডিভাইস সঙ্গে আনতে পারবেন না।

৩.৭ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর হইতে সংশ্লিষ্ট মেডিকেল কলেজের অধ্যক্ষ/কেন্দ্র সচিব-কে বরাদ্দকৃত মোবাইল ফোন ব্যতীত পরীক্ষার সাথে সংশ্লিষ্ট অন্য কোনো কর্মকর্তা/কর্মচারী (ইনভেজিলেটর, শিক্ষক, পরিদর্শন টিমের সদস্য, প্রশাসনিক কর্মকর্তা, অফিস সহকারী, অফিস সহায়ক ইত্যাদি) পরীক্ষার হলে মোবাইল ফোনসহ অন্য কোনো ইলেকট্রনিক্স ডিভাইস ব্যবহার করতে পারবেন না।

৩.৮ ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটসমূহের যেই পরিমাণ আসন অনুমোদিত থাকিবে সেই সংখ্যক আসনে শিক্ষার্থীদের মেধাক্রম ও পছন্দক্রম অনুযায়ী শিক্ষার্থী ভর্তি করা হইবে।

৩.৯ সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের অব্যবহিত পরের দিন বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটের জন্য ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হইবে।

৩.১০ শুধুমাত্র সরকার কর্তৃক স্বীকৃত মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট-এ ভর্তির জন্য শিক্ষার্থী নির্বাচন করা হইবে।

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
BANGLADESH MEDICAL & DENTAL COUNCIL
203, Shaheed Syed Nazrul Islam Sarani, (86, Bijoy Nagar), Dhaka-1000
Phone: 223350968, 223385668, 223385685, 223385686, 223356727
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd

**৪.০ মেধা তালিকা, প্রার্থী নির্বাচন ও আবেদন গ্রহণ:**

৪.১ অনুচ্ছেদ ৩.১ অনুযায়ী শুধুমাত্র ভর্তি (লিখিত) পরীক্ষায় কৃতকার্য পরীক্ষার্থীদের মধ্য থেকে সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এর সঙ্গে সরকার অনুমোদিত বেসরকারি মেডিকেল কলেজের জন্য জাতীয় মেধা তালিকা (বিশেষ কোটা যদি থাকে উল্লেখসহ) প্রকাশ করা হইবে। তবে ভর্তি পরীক্ষায় ৪০ নম্বর এর নীচে প্রাপ্ত প্রার্থীরা কোনোভাবেই ভর্তির যোগ্য বিবেচিত হইবে না।

৪.২ সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটে ভর্তির জন্য মুক্তিযোদ্ধা, উপজাতি ও পার্বত্য অঞ্চলের অ-উপজাতীয়দের জন্য অনুচ্ছেদ ৯ এর ৯.১.১ ও ৯.২.১ বর্ণিত কোটা অনুযায়ী শিক্ষার্থী নির্বাচন করা হইবে।

৪.৩. অনলাইনে ভর্তি পরীক্ষার প্রাথমিক আবেদন দাখিলের সময় প্রার্থীকে সকল সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটের পছন্দক্রম উল্লেখ করা বাধ্যতামূলক।

৪.৪ ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হইতে ৪৫ দিনের মধ্যে সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটের ভর্তি প্রক্রিয়া (৩য় অপেক্ষমাণ তালিকাসহ) সম্পন্ন করিতে হইবে। এর পর বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটে ভর্তি প্রক্রিয়া শুরু হইবে। বেসরকারি প্রতিষ্ঠানে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর ভর্তি কার্যক্রমের একটি সিডিউল প্রস্তুত করিবে এবং তাহা একাধিক জাতীয় দৈনিক ও স্বাস্থ্য শিক্ষা ও স্বাস্থ্য সেবা অধিদপ্তরের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি আকারে প্রকাশের ব্যবস্থা করিবে।

৪.৫ অনুচ্ছেদ ৪.১ এ বর্ণিত নিয়ম অনুযায়ী প্রস্তুতকৃত জাতীয় মেধা তালিকার শিক্ষার্থীদের মধ্য হইতে বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটে ভর্তিচ্ছুদের আবেদন পুনরায় অনলাইনে গ্রহণ করা হইবে। পুনরায় অনলাইনে আবেদন দাখিলের সময় সরকার স্বীকৃত তালিকা হইতে সকল বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটের পছন্দক্রম উল্লেখ করিতে হইবে।

৪.৬ বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটে ভর্তির জন্য অনলাইনে আবেদন দাখিলের নির্ধারিত সময়ের পর দ্রুততম সময়ের মধ্যে প্রার্থী মেধাক্রম ও পছন্দক্রম অনুযায়ী কোন মেডিকেল কলেজে ভর্তির সুযোগপ্রাপ্ত হইয়াছেন তাহা প্রার্থীকে এসএমএস এর মাধ্যমে জানাইয়া দেওয়া হইবে এবং নির্বাচিত প্রার্থীদের কলেজভিত্তিক তালিকা প্রকাশ করা হইবে। নির্দিষ্ট সময়ের মধ্যে (সর্বোচ্চ ৫ দিন) নির্বাচিত প্রার্থীকে নিশ্চিত করিতে হইবে যে তিনি যেই কলেজের জন্য নির্বাচিত হইয়াছেন, সেই কলেজে ভর্তি হইতে সম্মত আছেন। প্রথমবার সম্মতি নিশ্চিতকরণের পরে শূন্য থাকা আসনসমূহে অপেক্ষমাণদের মধ্য হইতে আবেদনের সময়ে দেওয়া পছন্দক্রম ও মেধাক্রম অনুযায়ী ২য় বারের মতো শিক্ষার্থী নির্বাচন করিয়া তালিকা প্রকাশ করা হইবে এবং পুনরায় এসএমএস এর মাধ্যমে জানানো হইবে। ২য় বারে নির্বাচিত প্রার্থীকে নির্দিষ্ট সময়ের মধ্যে (সর্বোচ্চ ৫ দিন) নিশ্চিত করিতে হইবে যে তিনি যে কলেজের জন্য নির্বাচিত হইয়াছেন, সেই কলেজে ভর্তি হইতে সম্মত আছেন। ভর্তি হইতে সম্মত প্রার্থীদের (১ম ও ২য় বারে) মধ্য হইতে মেডিকেল কলেজওয়ারী নির্বাচিত প্রার্থীদের সমন্বিত তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হইবে। ১ম ও ২য় বারে নির্বাচিত প্রার্থীদের ভর্তির শেষ তারিখ জানিয়ে দেওয়া হইবে এবং ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হইবার সাথে সাথে কলেজ কর্তৃপক্ষ ও প্রার্থীকে অনলাইনে তাহা স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরকে অবহিত করিতে হইবে। এরপরও যদি কোনো মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটে আসন শূন্য থাকে সেই সকল শূন্য আসন পূরণের লক্ষ্যে একই প্রক্রিয়ায় ৩য় বার শিক্ষার্থী নির্বাচন করা হইবে। ভর্তি সম্পন্ন হইবার পর কোনোভাবেই এক বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টল কলেজ/ডেন্টাল ইউনিট হইতে অন্য বেসরকারি কলেজ/ইউনিটে মাইগ্রেশন করা যাইবে না। কোনো অবস্থাতেই সরকার নির্ধারিত ক্লাস শুরুর তারিখের পরে শিক্ষার্থী ভর্তি করা যাইবে না।

৪.৭ কোনো শিক্ষাবর্ষের ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে কোনো বেসরকারি মেডিকেল কলেজের আসন সংখ্যা সরকার কর্তৃক যেরূপ অনুমোদিত থাকিবে উক্ত শিক্ষাবর্ষে কেবল সমরূপ আসনেই শিক্ষার্থী ভর্তি করা যাইবে। ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের তারিখের পরে কোনো মেডিকেল কলেজের আসন সংখ্যা বৃদ্ধি হইলে অথবা নতুন মেডিকেল/ডেন্টাল কলেজ অনুমোদিত হইলে বর্ধিত আসনে/অথবা নতুন অনুমোদিত কলেজে ঐ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তি করা যাইবে না।

**৫.০ সার্টিফিকেটসমূহ নিরীক্ষণ:**

৫.১ ভর্তির পর কলেজ কর্তৃপক্ষ প্রত্যেক ছাত্র/ছাত্রীর এসএসসি, এইচএসসি বা সমমান পরীক্ষার সনদ ও নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের মাধ্যমে সত্যতা যাচাই করিবেন। বিদেশি শিক্ষার্থীদের সনদ ও নম্বরপত্র ১০.৩ অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতিতে যাচাই করা হইবে। ভবিষ্যতে কোনো বিদেশি শিক্ষার্থীর সনদ/নম্বরপত্রের বিষয়ে অভিযোগ উত্থাপিত হইলে পররাষ্ট্র মন্ত্রণালয় যথাযথ প্রক্রিয়ায় তাহা অনুসন্ধান করিবে।

৫.২ কলেজ কর্তৃপক্ষ যাচাই প্রতিবেদন স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে আবশ্যিকভাবে প্রেরণ করিবে।

**৬.০ মাইগ্রেশন বা কলেজ বদলি:**

৬.১ সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটে ভর্তির জন্য নির্ধারিত তারিখ শেষে শূন্য আসনসমূহের বিপরীতে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের মাইগ্রেশন আবেদন, মেধাস্থান ও মাইগ্রেশন আবেদনে উল্লিখিত কলেজ পছন্দ অনুযায়ী সফটওয়্যারের মাধ্যমে পরপর সর্বোচ্চ তিনবার কলেজ পরিবর্তনের (অটোমাইগ্রেশন) সুযোগ পাইবে। প্রত্যেক মাইগ্রেশন শেষে প্রাপ্ত শূন্য আসনসমূহ যেই কোটা হইতে আসন খালি হইয়াছে সেই কোটার অপেক্ষমাণ তালিকা হইতে মেধাক্রম ও পছন্দক্রম অনুসারে পূরণ করা হইবে।

৬.২ তৃতীয় দফা মাইগ্রেশনের পর ভর্তি বাতিল/ভর্তি না হওয়া ইত্যাদি কারণে শূন্য আসনে অপেক্ষমান তালিকা হইতে ভর্তি করা যাইবে না।

৬.৩ অটোমাইগ্রেশন সম্পন্নপূর্বক চূড়ান্তভাবে ভর্তি সম্পন্নের পর অনুচ্ছেদ ৬(১) এ বর্ণিত নিয়ম ব্যতীত কোনো শিক্ষার্থীকে ইন্টার্নশিপ শেষ না হওয়া পর্যন্ত কোনোভাবেই ভর্তিকৃত সরকারি বা বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটে হইতে অন্য মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটে বদলি হওয়া বা করা যাইবে না।

**৭.০ কারিকুলাম ও ইন্টার্নশীপ:**

৭.১ এমবিবিএস/বিডিএস কোর্সের ছাত্র/ছাত্রীদেরকে বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি) অনুমোদিত কারিকুলাম অনুযায়ী শিক্ষা কার্যক্রম সম্পাদন করিতে হইবে। কোর্স শেষে স্ব স্ব মেডিকেল/ডেন্টাল কলেজ হাসপাতালে বিএমডিসি নির্ধারিত লগবুক অনুযায়ী এক বছর ইন্টার্নশীপ সম্পন্ন করা সকলের জন্য বাধ্যতামূলক। কোনোভাবেই অন্য মেডিকেল কলেজে ইন্টার্নশিপের জন্য মাইগ্রেশন করা যাইবে না।

৭.২ বিদেশ হইতে এমবিবিএস/বিডিএস কোর্স সমাপনান্তে বিএমএন্ডডিসি'র Registration Qualification Exam-এ উত্তীর্ণ হইয়া সাময়িক রেজিস্ট্রেশন প্রাপ্তির পর শিক্ষার্থীদের বিএমএন্ডডিসি অনুমোদিত মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটে ইন্টার্নশীপ সম্পন্ন করিতে হইবে।

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
BANGLADESH MEDICAL & DENTAL COUNCIL
203, Shaheed Syed Nazrul Islam Sarani, (86, Bijoy Nagar), Dhaka-1000
Phone: 223350968, 223385668, 223385685, 223385686, 223356727
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd

**৮.০ দেশের বাহিরে এমবিবিএস/বিডিএস/সমমানের কোর্সে অধ্যায়ন:**

৮.১ কোনো শিক্ষার্থী দেশের বাহিরে এমবিবিএস/বিডিএস কোর্সে অধ্যয়ন করিতে চাইলে তাহাকে বাধ্যতামূলকভাবে এমবিবিএস/বিডিএস এর কেন্দ্রীয় ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণপূর্বক সর্বনিম্ন ৪০ নম্বর প্রাপ্ত হইলে তিনি বিএমএন্ডডিসির 'Eligibility Certificate' প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে আবেদন দাখিল করিবেন। বিএমএন্ডডিসি প্রার্থীদের 'Eligibility Certificate' এর আবেদন বিবেচনার লক্ষ্যে ভর্তি পরীক্ষার যথাযথভাবে সংরক্ষিত ফলাফল থেকে প্রার্থীর ভর্তি পরীক্ষার ফলাফল যাচাই করিবে। উক্ত 'Eligibility Certificate' প্রাপ্তি সাপেক্ষে কোনো শিক্ষার্থী বিদেশে অধ্যয়নের জন্য গমন করিতে পারিবেন। অতঃপর দেশের বাহির হইতে এমবিবিএস অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হইয়া দেশে প্রত্যাবর্তনের পর বিএমএন্ডডিসি কর্তৃক আয়োজিত 'Registration Qualifying Exam' এ অংশগ্রহণ করিবেন। উক্ত 'Registration Qualifying Exam' এ উত্তীর্ণ হইয়া বিএমএন্ডডিসির সাময়িক সনদপ্রাপ্তি সাপেক্ষে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত বেসরকারি মেডিকেল কলেজ হাসপাতালে ইন্টার্নশীপ করার সুযোগ প্রদান করা হইবে।

**৯.০ সংরক্ষিত আসন ও এ আসনের জন্য প্রযোজ্য সনদপত্র:**

**৯.১ মুক্তিযোদ্ধার সন্তান এবং সন্তানদের সন্তানাদির জন্য সংরক্ষিত আসন:**

৯.১.১ মুক্তিযোদ্ধা সন্তান এবং সন্তানদের সন্তানাদির জন্য মোট আসনের ২% আসন সংরক্ষিত থাকিবে। তবে এই কোটার আসন শূন্য থাকিলে সাধারণ কোটা হতে মেধাক্রমের ভিত্তিতে শিক্ষার্থী ভর্তির মাধ্যমে এই কোটার আসন পূরণ করা যাইবে।

৯.১.২ মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫, তারিখ: ১৮/১০/২০২০ খ্রি. মূলে প্রকাশিত পরিপত্র অনুযায়ী স্বীকৃত তালিকা/গেজেট নম্বর অনলাইন আবেদনে দাখিল করতে হইবে। এই কোটায় উত্তীর্ণ প্রার্থীগণ ভর্তির সময় স্ব-স্ব কলেজ কর্তৃপক্ষের নিকট তালিকা/গেজেট প্রদর্শন করিবেন। কলেজ কর্তৃপক্ষ বর্ণিত পরিপত্র অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.molwa.gov.bd এর http://mis.molwa.gov.bd/freedom-fighter-list লিংক এ বর্ণিত প্রমাণক/গেজেট যাচাইপূর্বক মুক্তিযোদ্ধার যথার্থতা সম্পর্কে নিশ্চিত হইবেন।

৯.১.৩ বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/ইউনিট এর ক্ষেত্রে মুক্তিযোদ্ধাদের সন্তান এবং সন্তানদের সন্তানাদির জন্য সংরক্ষিত ২% আসন স্ব-স্ব কলেজ/ইউনিট এর জন্য অনুমোদিত আসনের মধ্যে সীমিত থাকিবে।

**৯.২ পশ্চাদপদ জনগোষ্ঠীর জন্য সংরক্ষিত আসন:**

৯.২.১ এ ছাড়া পশ্চাদপদ জনগোষ্ঠী অর্থাৎ উপজাতীয় এবং তিনটি পার্বত্য জেলার অ-উপজাতীয় কোটাভুক্ত আসনের জন্য (৯+৩)=১২ (বার) টি, এবং পার্বত্য জেলা ছাড়া অন্যান্য জেলার পশ্চাদপদ জনগোষ্ঠী (উপজাতীয় প্রার্থীদের জন্য ০৮ (আট) টিসহ সর্বমোট ২০ (বিশ) টি আসন সরকারি মেডিকেল কলেজের জন্য সংরক্ষিত থাকিবে। পার্বত্য জেলার ১২ টি আসনের মধ্যে রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার প্রতিটি হতে ০৩ (তিন) টি পশ্চাদপদ জনগোষ্ঠী (উপজাতীয়) এবং ০১ (এক) টি অ-উপজাতীয় প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকিবে। সরকারি ডেন্টাল কলেজের জন্য ০৫ টি আসন উপজাতীয়দের জন্য সংরক্ষিত থাকিবে। এই আসনের মধ্যে পার্বত্য ০৩ টি জেলার জন্য ০৩টি এবং পার্বত্য জেলার বাহিরে অন্যান্য উপজাতীয়দের জন্য ০২টি আসন সংরক্ষিত থাকিবে। এতদ্ব্যতিত রাঙ্গামাটি মেডিকেল কলেজের ৫০ (পঞ্চাশ) আসনের মধ্যে ২৫% অর্থাৎ ১৩টি আসন নিম্নোক্তভাবে বন্টন হইবে: (১) রাঙ্গামাটি পার্বত্য জেলা = ০৪ জন (বাঙালি-০১ জন, চাকমা ও তনচৈংগা -০২ জন, ত্রিপুরা, মারমা, খেয়াং, লুসাই, পাংখোয়া-০১ জন) (২) খাগড়াছড়ি পার্বত্য জেলা = ০৪ জন (বাঙালি-০১ জন, চাকমা-০১ জন, মারমা-০১ জন, ত্রিপুরা-০১ জন)। (৩) বান্দরবান পার্বত্য জেলাঃ ০৫ জন। (বাঙালি -০১ জন, মারমা-০১ জন, চাকমা ও তনচৈংগা-০১ জন, ম্রো (মুরং), ত্রিপুরা-০১ জন, বোম, লুসাই, পাংখোয়া, খুমী, খিয়াং, চাক-০১ জন)। সংরক্ষিত আসনে উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে বর্ণিত জেলা হইতে মেধার ভিত্তিতে উক্ত আসন পূরণ করা হইবে।

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
BANGLADESH MEDICAL & DENTAL COUNCIL
203, Shaheed Syed Nazrul Islam Sarani, (86, Bijoy Nagar), Dhaka-1000
Phone: 223350968, 223385668, 223385685, 223385686, 223356727
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd

৯.২.২ পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের সনদ ও অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ বা জেলা প্রশাসকের সনদ এবং অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও জেলা প্রশাসকের সনদ দাখিল করিতে হইবে।

**৯.৩ মেধাবী-অসচ্ছল কোটায় শিক্ষার্থী ভর্তি:**

৯.৩.১ বেসরকারি মেডিকেল/ ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটসমূহে ৫% আসন মেধাবী-অসচ্ছল ছাত্র/ছাত্রীদের জন্য সংরক্ষিত থাকিবে এবং উক্ত সংরক্ষিত আসনসমূহে ৪.৬ অনুচ্ছেদে বর্ণিত প্রক্রিয়ায় ভর্তি সম্পন্ন হইবে। কোনো বেসরকারি মেডিকেল কলেজ কর্তৃপক্ষ এই আসনের ছাত্র/ছাত্রীদের জন্য সরকারি মেডিকেল কলেজের ক্ষেত্রে প্রযোজ্য বেতন ভাতাদি ও সেশন চার্জের অতিরিক্ত কোনো প্রকার ফি গ্রহণ করিতে পারিবে না।

৯.৩.২ বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটে ভর্তি প্রক্রিয়া শুরুর সময় একই সাথে মেধাবী-অসচ্ছল কোটায় শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে অনলাইনে আবেদন গ্রহণ করা হইবে। জাতীয় মেধা তালিকার শিক্ষার্থীদের মধ্যে যাহারা বেসরকারি মেডিকেল কলেজে মেধাবী-অসচ্ছল কোটায় ভর্তি হইতে আগ্রহী, তাহারা অনলাইনে আবেদন দাখিলের সময় সরকার স্বীকৃত সকল বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটের তালিকা হইতে নিজের পছন্দ ক্রমানুসারে আবেদন করিবেন। মেধাবী-অসচ্ছল কোটায় আবেদনের জন্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক 'অসচ্ছল' প্রমাণের নির্ধারিত শর্তসমূহ ওয়েবসাইটে উল্লেখ করা থাকিবে এবং তদনুযায়ী আবেদন দাখিল করিতে হইবে। মেধাবী-অসচ্ছল কোটায় ভর্তিচ্ছুদের অসচ্ছলতার দালিলিক প্রমাণ মিথ্যা বা ভুল প্রমাণিত হইলে আবেদনপত্র বাতিল হইবে এবং ফৌজদারী অপরাধ হিসাবে গণ্য হইবে। মেধাবী-অসচ্ছল কোটায় আবেদনকারীদের মধ্য হইতে মেধা-স্কোর ও পছন্দের ভিত্তিতে মেধাবী-অসচ্ছল কোটার মোট আসনের ৪ (চার) গুণ শিক্ষার্থীর কলেজ ভিত্তিক তালিকা কেন্দ্রীয়ভাবে প্রকাশ করা হইবে। নিজ কলেজের তালিকা হইতে প্রত্যেক বেসরকারি মেডিকেল কলেজ গভর্নিং বডির সভায় সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে মেধাবী-অসচ্ছল কোটায় ৫% শিক্ষার্থী নির্বাচিত করিয়া সুপারিশ আকারে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে অনুমোদনের জন্য প্রেরণ করিবে। তবে মেধাবী-অসচ্ছল আসন পূর্ণ না হইলে ৩য় ধাপ পর্যন্ত আসন পূর্ণ করার ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

**১০.০ বিদেশি ছাত্র/ছাত্রীদের আবেদন পদ্ধতি:**

১০.১ দেশি-বিদেশি ছাত্র/ছাত্রীদের শিক্ষা কার্যক্রম একই সাথে শুরুর সুবিধার্থে বিদেশি ছাত্র/ছাত্রীদের ভর্তি বিজ্ঞপ্তি দেশিয়দের পূর্বেই জারি হইতে হইবে। স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ হইতে প্রেরিত বিদেশি ছাত্র/ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি পররাষ্ট্র মন্ত্রণালয় প্রকাশ করিবে এবং সংশ্লিষ্ট দূতাবাসসমূহের মাধ্যমে প্রচারের বিষয়টি নিশ্চিত করিবে।

১০.২ সরকারি/বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে ভর্তির জন্য বিদেশি শিক্ষার্থীরা বাংলাদেশ সরকার কর্তৃক ভর্তির বিজ্ঞপ্তি জারির পর স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের নির্ধারিত অনলাইন প্লাটফর্মে আবেদন করিবে। অনলাইন আবেদনের নির্ধারিত টেমপ্লেটে নিজ নিজ দেশের শিক্ষা ও পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক এসএসসি/যেই দেশে এসএসসি পর্যায়ে পাবলিক পরীক্ষা নাই সেই দেশের ক্ষেত্রে দশম শ্রেণি/ও'লেভেল ও এইচএসসি/এ'লেভেল বা সমমানের সনদপত্র ও নম্বরপত্রের প্রত্যায়িত কপি এবং সরকার কর্তৃক নির্ধারিত বিদেশি শিক্ষার্থীদের নম্বর সমতাকরণ ফি পরিশোধিত অর্থের প্রমাণক হিসেবে Telegraphic Transfer (T.T)/SWIFT Message এর কপি আপলোড করিতে হইবে।

১০.৩ সরকারি মেডিকেল/ডেন্টাল কলেজের জন্য প্রাপ্ত আবেদন সমূহ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর পরীক্ষা-নিরীক্ষা করিয়া শিক্ষাগত যোগ্যতার সমতাকরণসহ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অনুমোদনক্রমে সার্ক/নন-সার্ক দেশসমূহের জন্য বরাদ্দকৃত কোটা অনুযায়ী মেধাক্রম ও পছন্দক্রমের ভিত্তিতে কলেজ বন্টনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে। বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটের জন্য প্রাপ্ত আবেদনপত্রসমূহ পরীক্ষা নিরীক্ষা করিয়া শিক্ষাগত যোগ্যতার সমতাকরণসহ ভর্তিযোগ্য প্রার্থীদের তালিকা ও সংশ্লিষ্ট কাগজপত্র স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর সংশ্লিষ্ট মেডিকেল কলেজে প্রেরণ করিবে এবং একটি তালিকা সংশ্লিষ্ট দূতাবাসে প্রেরণের লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করিবে, যাহার কপি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করিবে। সংশ্লিষ্ট শিক্ষার্থীদের প্রত্যায়িত ও আপলোডকৃত একাডেমিক কাগজপত্রের মূলকপি, সচ্ছলতা ও নাগরিকত্বের প্রমাণপত্র এবং ভিসা ইস্যুর জন্য প্রয়োজনীয় অন্যান্য ডকুমেন্টস যাচাই করিয়া সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন অথবা ঐ দেশের জন্য নির্ধারিত বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন ভিসা ইস্যুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
BANGLADESH MEDICAL & DENTAL COUNCIL
203, Shaheed Syed Nazrul Islam Sarani, (86, Bijoy Nagar), Dhaka-1000
Phone: 223350968, 223385668, 223385685, 223385686, 223356727
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd


১০.৪ অনলাইনে আবেদন দাখিল ব্যতীত কোনো বিদেশি শিক্ষার্থী ভর্তির যোগ্য বিবেচিত হইবে না। নির্ধারিত প্রক্রিয়ায় আবেদন দাখিল ব্যতীত অন্য কোনো প্রক্রিয়ায় ভর্তির জন্য যোগাযোগ করা প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হইবে।

১০.৫ বিশ্বের বিভিন্ন দেশের সঙ্গে বাংলাদেশের দ্বি-পাক্ষিক সম্পর্ক উন্নয়ন, শিক্ষা ও সাংস্কৃতিক বিনিময় নিশ্চিত করিবার লক্ষ্যে বিদেশি নাগরিকত্ব নিয়ে বিদেশে বসবাসকারী কোনো অনিবাসী বাংলাদেশি ছাত্র/ছাত্রী সরকারি মেডিকেল কলেজে ভর্তির আবেদন করিলে তাহাকে তাহার বসবাসরত দেশ হইতে এসএসসি ও এইচএসসি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণের শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ১০.২ অনুচ্ছেদে বর্ণিত প্রক্রিয়ায় দাখিল করিতে হইবে। বিদেশি রাষ্ট্রের যেই শিক্ষা প্রতিষ্ঠান থেকে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করিয়াছেন সেই প্রতিষ্ঠানের শিক্ষাগত যোগ্যতার সনদপত্র দাখিল করিতে হইবে। বাংলাদেশি কোনো প্রতিষ্ঠানে অধ্যয়নকারী বাংলাদেশি বংশোদ্ভুত বিদেশি পাসপোর্টধারীরা কোনোভাবেই এই সুযোগের জন্য বিবেচিত হইবেন না। তবে যাহাদের দ্বৈত নাগরিকত্ব রহিয়াছে তাহারা বাংলাদেশী পাসপোর্ট ব্যবহার করিয়া জাতীয় ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন।

১০.৬ সার্ক/নন-সার্কভুক্ত কোনো দেশের আসন শূন্য থাকিলে পররাষ্ট্র মন্ত্রণালয়ের পরামর্শক্রমে উক্ত শূন্য আসনের বিষয়ে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করিবে।

১০.৭ বিদেশি ছাত্র/ছাত্রীদের ভর্তির ক্ষেত্রে এসএসসি/যেই দেশে এসএসসি পর্যায়ে পাবলিক পরীক্ষা নাই সেই দেশের ক্ষেত্রে দশম শ্রেণি/ও'লেভেল ও এইচএসসি/এ'লেভেল বা সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ স্কেলে সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিট এর জন্য সর্বনিম্ন মোট জিপিএ ৮.০০ (আট) এবং বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিট-এর জন্য সর্বনিম্ন মোট জিপিএ ৭.০০ (সাত) নির্ধারণ করিয়া মেধা তালিকা তৈরি করা হইবে।

**১১.০ দেশি-বিদেশি শিক্ষার্থীদের নম্বর সমতাকরণ:**

১১.১ দেশি-বিদেশি শিক্ষার্থীদের নম্বর সমতাকরণের ক্ষেত্রে নম্বর পত্রসমূহ বিবেচিত হইবে। এস.এস.সি/যেই দেশে এসএসসি পর্যায়ে পাবলিক পরীক্ষা নাই সেই দেশের ক্ষেত্রে দশম শ্রেণি/'ও'লেভেল/সমমান পরীক্ষার ক্ষেত্রে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত যেকোনো ৫ টি বিষয় বিবেচনায় নেওয়া হইবে। এইচ.এস.সি/'এ'লেভেল/সমমান পরীক্ষার ক্ষেত্রে জীব বিজ্ঞান, রসায়ন, এবং পদার্থবিদ্যার প্রাপ্ত নম্বরসমূহ বিবেচনা করা হইবে।

১১.২ দেশি শিক্ষার্থীদের মধ্যে যাহারা 'ও লেভেল' ও 'এ লেভেল' উত্তীর্ণ হইয়া ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক তাহাদের 'নম্বরপত্র' সনদ ইস্যুকারী কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত করিয়া দাখিল করিতে হইবে।

১১.৩ বিদেশি শিক্ষার্থীদের মেধাক্রম নির্ধারণের ক্ষেত্রে প্রথমতঃ গ্রেড পয়েন্ট বিবেচিত হইবে। একাধিক শিক্ষার্থীর গ্রেড পয়েন্ট এক হইলে, সেইক্ষেত্রে জীব বিজ্ঞান, রসায়ন, পদার্থবিদ্যায় প্রাপ্ত গ্রেড/নম্বর ক্রমানুসারে বিবেচিত হইবে। উভয় ক্ষেত্রে প্রার্থীর নম্বর একই হইলে শিক্ষার্থীদের বয়সের জ্যেষ্ঠতার ভিত্তিতে নম্বর সমতাকরণের মাধ্যমে মেধাক্রম নির্ধারণ করা হইবে।

১১.৪ নম্বর সমতাকরণ কার্যক্রম পরিচালনার জন্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত একটি কমিটি থাকিবে এবং নম্বর সমতাকরণের ক্ষেত্রে উক্ত কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
BANGLADESH MEDICAL & DENTAL COUNCIL
203, Shaheed Syed Nazrul Islam Sarani, (86, Bijoy Nagar), Dhaka-1000
Phone: 223350968, 223385668, 223385685, 223385686, 223356727
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd

**১২.০ ভর্তি এবং টিউশন ফি:**

১২.১ বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজ/ইউনিটসমূহে দেশি/বিদেশি শিক্ষার্থীদের ক্ষেত্রে এমবিবিএস/বিডিএস কোর্সে ভর্তির জন্য সরকার কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত ফি প্রযোজ্য হইবে। কোনো অবস্থাতেই সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত আদায় করা যাইবে না। ভর্তির বিজ্ঞপ্তিতে সরকার কর্তৃক নির্ধারিত ফি এর পরিমান উল্লেখ করিতে হইবে।

১২.২ বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজ/ইউনিটসমূহে দেশি-বিদেশি ছাত্র-ছাত্রী ভর্তিসহ সকল ক্ষেত্রে এমবিবিএস/ বিডিএস কোর্সের যাবতীয় ফি ব্যাংকের মাধ্যমে লেনদেন করিতে হইবে।

১২.৩ সরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজ/ইউনিটের সার্কভুক্ত বিদেশি শিক্ষার্থীদের ক্ষেত্রে ভর্তি ফি ও টিউশন ফি দেশি শিক্ষার্থীদের ন্যায় প্রযোজ্য হইবে। নন-সার্কভুক্ত বিদেশি শিক্ষার্থীদের ক্ষেত্রে দেশি শিক্ষার্থীদের প্রদেয় ফি'র অতিরিক্ত প্রতি শিক্ষাবর্ষের জন্য ৫,০০০ (পাঁচ হাজার) মার্কিন ডলার প্রযোজ্য হইবে। নির্ধারিত সময়ের মধ্যে কোর্স সম্পন্ন করিতে ব্যর্থ হইলে কোর্স শেষ না হওয়া পর্যন্ত টিউশন ফি ও পরীক্ষার ফি আনুপাতিক হারে (অর্ধবছরের জন্য ২,৫০০ মার্কিন ডলার এবং পূর্নবছরের জন্য ৫,০০০ মার্কিন ডলার) শিক্ষার্থীকে বহন করিতে হইবে।

১২.৪ বিদেশী শিক্ষার্থীদের ফি-সমূহ ব্যাংকের মাধ্যমে বৈদেশিক মুদ্রায় পরিশোধ করিতে হইবে।

**১৩.০ বিদেশি ছাত্র/ছাত্রীদের আসন সংরক্ষণ:**

১৩.১ সরকারি মেডিকেল কলেজসমূহে বিদেশি ছাত্র/ছাত্রীদের জন্য সরকার কর্তৃক নির্ধারিত 'সার্ক কোটা'য় ১১৭ টি (এমবিবিএস-১০৪ টি ও বিডিএস ১৩টি) আসন, 'নন-সার্ক কোটা'য় ৯৯ টি (এমবিবিএস-৭২ টি ও বিডিএস- ২৭ টি) এবং 'সংরক্ষিত' ০৫টিসহ সর্বমোট ২২১টি আসন নিম্নরূপভাবে সংরক্ষিত থাকিবে:

| সার্ক কোটা | | | | নন-সার্ক কোটা | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্র | দেশ | এমবিবিএস | বিডিএস | ক্র | দেশ | এমবিবিএস | বিডিএস |
| ১ | ভারত | ২২ | ০২ | ১ | প্যালেস্টাইন | ১৮ | ০৩ |
| ২ | পাকিস্তান | ২১ | ০২ | ২ | মায়ানমার | ০৫ | ০২ |
| ৩ | নেপাল | ১৯ | ০৩ | ৩ | অন্যান্য দেশসমূহ: | ৪৯ | ২২ |
| ৪ | ভুটান | ২০ | ০২ | | ক) যুক্তরাষ্ট্র | | |
| ৫ | শ্রীলঙ্কা | ১৩ | ০২ | | খ) যুক্তরাজ্য | | |
| ৬ | মালদ্বীপ | ০৬ | ০১ | | গ) ইতালি | | |
| ৭ | আফগানিস্তান | ০৩ | ০১ | | ঘ) কানাডা | | |
| | সর্বমোট | ১০৪ | ১৩ | | ঙ) মালয়েশিয়া | | |
| | | | | | চ) অন্যান্য | | |
| | | | | | সর্বমোট | ৭২ | ২৭ |

**মোট বরাদ্দকৃত আসন সংখ্যা** (সার্ক কোটা- ১১৭টি + নন-সার্ক কোটা- ৯৯টি + সংরক্ষিত-০৫টি) = **২২১টি**

১৩.২ সরকার অনুচ্ছেদ ১৩.১ এ বর্ণিত আসন সংখ্যা সময়ে সময়ে পরিবর্তন করিতে পারিবে।

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
BANGLADESH MEDICAL & DENTAL COUNCIL
203, Shaheed Syed Nazrul Islam Sarani, (86, Bijoy Nagar), Dhaka-1000
Phone: 223350968, 223385668, 223385685, 223385686, 223356727
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd

১৩.৩ বিদেশি ছাত্র/ছাত্রী ভর্তির যোগ্য বেসরকারি কলেজসমূহে কলেজের মোট আসনের সর্বোচ্চ ৪৫% বিদেশি ছাত্র/ছাত্রীদের জন্য সংরক্ষিত থাকিবে। বিদেশি ছাত্র/ছাত্রী পাওয়া না গেলে অনুচ্ছেদ ৯.৩.২ এ বর্ণিত পদ্ধতিতে নির্বাচিত শিক্ষার্থীদের অপেক্ষমাণ তালিকা থেকে দেশি ছাত্র/ছাত্রী দ্বারা এই আসনসমূহ পূরণের লক্ষ্যে সংশ্লিষ্ট মেডিকেল কলেজ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে অধিযাচন প্রেরণ করিবে। তবে এই ক্ষেত্রে দেশি ছাত্র/ছাত্রীদের ভর্তির ক্ষেত্রে যেই আর্থিক ব্যবস্থাপনা জড়িত তাহাই প্রযোজ্য হইবে। কোনো অবস্থায়ই বিদেশি ছাত্র-ছাত্রীদের প্রযোজ্য হারে ফি-সমূহ আদায় করা যাইবে না।

১৩.৪ বেসরকারী মেডিকেল/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটসমূহ ভর্তি প্রক্রিয়া শুরুর সময়েই সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কতজন বিদেশী ছাত্র/ছাত্রী ভর্তি করিবে তাহা স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগকে অবহিত করিতে হইবে।

**১৪.০ ভর্তি পরীক্ষা কার্যক্রম পরিচালনা:**

১৪.১ নীতিমালা অনুযায়ী বিএমএন্ডডিসি'র পক্ষে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের উপর ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ, আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ, ফলাফল চূড়ান্তকরণ ও প্রকাশ এবং অনুচ্ছেদ ৬.১ এ বর্ণিত মাইগ্রেশন কার্যক্রমের দায়িত্ব এবং প্রশ্নপত্র প্রণয়ন/প্রিন্টিং ও প্যাকেজিং এর দায়িত্ব বিএমএন্ডডিসির উপর ন্যস্ত থাকিবে।

১৪.২ ভর্তির ফরম পূরণের যাবতীয় কার্যক্রম অনলাইনে সম্পন্ন করিতে হইবে। কোনো শিক্ষার্থী অনলাইন ফরম পূরণের সময় ১ম বার ভুল করিলে ২য় বার পূরণ করার ক্ষেত্রে ১ম ফরমটি বাতিল হইবে। তবে কোনো অবস্থাতেই দুই এর অধিকবার আবেদন দাখিল করা যাইবে না।

১৪.৩ ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য বিএমএন্ডডিসির পরার্শক্রমে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষা সংক্রান্ত ভর্তি কমিটি, উপদেষ্টা কমিটি ও ওভারসাইট কমিটি গঠনের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করিবে। মন্ত্রণালয় উক্ত প্রস্তাবের আলোকে বর্ণিত কমিটি গঠন এবং কমিটির কার্যপরিধি নির্ধারণ করিবে। ভর্তি সংশ্লিষ্ট বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। প্রশ্নপত্র প্রণয়ন ও প্যাকেজিং এর জন্য বিএমএন্ডডিসির সভাপতির নেতৃত্বে বিএমএন্ডডিসি একটি কমিটি গঠন করিবে।

১৪.৪ মেডিকেল কলেজের কোডসমূহ ইংরেজি অদ্যাক্ষরের ভিত্তিতে নির্ধারণ করা হইবে।

১৪.৫ ভর্তি পরীক্ষার ফলাফল এবং ভর্তি পরীক্ষায় অবতীর্ণ সকল শিক্ষার্থীর তথ্য "খ" শ্রেণির নথি হিসেবে সংরক্ষণ করা হইবে।

**১৫.০ ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন:**

মেডিকেল/ডেন্টাল কলেজ/ইউনিটে শিক্ষার্থী ভর্তি সম্পন্ন হওয়ার ১০ দিনের মধ্যে শিক্ষার্থীদের তথ্য স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের অনলাইন পোর্টালে অন্তর্ভুক্ত করিতে হইবে। স্টুডেন্ট পোর্টালে এন্ট্রির মাধ্যমেই কেবল একজন শিক্ষার্থীর ভর্তি চূড়ান্ত মর্মে গণ্য করা হইবে। মেডিকেল/ডেন্টাল কলেজ/ইউনিট কর্তৃক শিক্ষার্থীদের তথ্য অনলাইন পোর্টালে অন্তর্ভুক্তি সম্পন্নের পরবর্তী ০১ মাসের মধ্যে বিএমএন্ডডিসি এবং সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় এই অনলাইন পোর্টালের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করিবে।

Hossain

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
BANGLADESH MEDICAL & DENTAL COUNCIL
203, Shaheed Syed Nazrul Islam Sarani, (86, Bijoy Nagar), Dhaka-1000
Phone: 223350968, 223385668, 223385685, 223385686, 223356727
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd

**১৬.০ শাস্তিমূলক ব্যবস্থা:**

১৬.১ কলেজে ভর্তির পূর্বে বা পরে দেশি বা বিদেশি ছাত্র/ছাত্রীর ভর্তি প্রক্রিয়ায় ব্যবহৃত কোনো তথ্য মিথ্যা বা ভুল প্রমাণিত হইলে কর্তৃপক্ষ তাৎক্ষণিকভাবে তাহার ভর্তি বাতিল করাসহ আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিবেন।

১৬.২ কোনো প্রতিষ্ঠানেই অনুমোদিত আসনের অতিরিক্ত কিংবা নীতিমালায় বর্ণিত প্রক্রিয়ার বাইরে দেশি/বিদেশি ছাত্র/ছাত্রী ভর্তি করা যাইবে না; করিলে কর্তৃপক্ষ যথোপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিবে।

১৬.৩ কোনো বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান নীতিমালার কোনো শর্ত ভঙ্গ করিলে সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের অনুমোদন বাতিল করা হইবে।

১৬.৪ ভর্তিকৃত দেশি/বিদেশি শিক্ষার্থীদের দেশের প্রচলিত আইন মানিয়া চলিতে হইবে। শৃঙ্খলা পরিপন্থী অভিযোগ প্রমাণিত হইলে সংশ্লিষ্ট মেডিকেল কলেজ একাডেমিক কাউন্সিল এর সিদ্ধান্ত মানিয়া নিতে বাধ্য থাকিবে।

১৬.৫ শিক্ষা মন্ত্রণালয় প্রণীত "শিক্ষা প্রতিষ্ঠানে বুলিং ও র‍্যাগিং প্রতিরোধ সংক্রান্ত নীতিমালা-২০২৩" সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য হইবে।

১৬.৬ প্রতিটি সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট মহামান্য হাইকোর্ট কর্তৃক যৌন হয়রানি প্রতিরোধকল্পে নির্দেশনা "হাইকোর্ট ডিরেক্টিভস-২০০৯" পালনে বাধ্য থাকিবে।

**১৭.০ রহিতকরণ ও হেফাজত:**

এই নীতিমালা জারির তারিখ হইতে "মেডিকেল/ডেন্টাল কলেজে এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২৩" অতঃপর "উক্ত নীতিমালা" বলিয়া উল্লিখিত, বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত নীতিমালার অধীন কৃত কাজ-কর্ম বা গৃহীত ব্যবস্থা এই নীতিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং উক্ত নীতিমালার অধীন কোনো কার্য বা ব্যবস্থা অনিষ্পন্ন বা চলমান থাকিলে, উহা উক্ত নীতিমালার বিধান অনুসারে নিষ্পত্তি করিতে হইবে।

Hossain 28.12.2023

ডাঃ মোঃ লিয়াকত হোসেন
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল